



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

২৪ সেপ্টেম্বর, ২০২১



স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান খোলার শুরুতেই বাউবির স্নাতক পরীক্ষা শুরু: উপাচার্যের পরিদর্শন

দেশজুড়ে ৩২৩টি পরীক্ষা কেন্দ্রে ৩ লাখ ৮৭ হাজার ৫৯৫ শিক্ষার্থী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক পরীক্ষার প্রথম দিন শুক্রবার (২৪ সেপ্টেম্বর ২০২১) অংশ নিয়েছে। বিশ্ববিদ্যালয়টির উপাচার্য অধ্যাপক ড. হুমায়ুন আখতার মহানগরী ঢাকায় এ দিন সকালে শেখ বোরহান উদ্দীন কলেজ, রাজধানী উচ্চ বিদ্যালয়, সরকারী বাংলা কলেজ, মীরপুর পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষা হলে স্বাস্থ্যবিধি মানা, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ ব্যবস্থা পরিদর্শন করেন। এ সময় উপাচার্য পরীক্ষা পরিচালনায় সংযুক্ত শিক্ষকদের সঙ্গে কথা বলে পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এ বিষয়ে গুরুত্ব দিতে অনুরোধ জানান। উপাচার্য প্রফেসর ড. হুমায়ুন আখতার মাস্ক পরিধান, হলে প্রবেশকালীন স্যানিটাইজেশন, তিন ফুট দূরে থেকে শিক্ষার্থীদের পরীক্ষায় অংশ নেয়ায় সন্তোষ প্রকাশ করেন। উপাচার্যের পরীক্ষা পরিদর্শনকালীন সময়ে পরিচালক তথ্য ও গণসংযোগ মো. আবুল কাসেম শিখদার ও আঞ্চলিক পরিচালক ঢাকা রানা হামিদুর রহমান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শুক্র ও শনিবার দিনগুলোতে চলমান এ পরীক্ষা আগামী ৮ জানুয়ারি ২০২২ শেষ হবে। দেশে কোভিড-১৯ সংক্রমণের পর এই প্রথম পাবলিক পরীক্ষা সরাসরি শুরু হলো।

মোঃ আবুল কাসেম শিখদার

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি।